যায়যায়দিন

তারিখ 20 JAN 2009
পৃষ্ঠা ১৫ কলাম ৩

### পাবলিক বিশ্ববিদ্যালয়ে নিয়োগ স্থগিত

# বিপাকে নতুন বিশ্ববিদ্যালয় রংপুর জবির ৩ বিভাগও শিক্ষকশূন্য

এম মামুন হোসেন

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সব ধরনের নিয়োগ কার্যক্রম সাময়িক স্থগিত রাখার সিদ্ধান্তে বিপাকে পড়েছে সদ্য প্রতিষ্ঠিত রংপুর বিশ্ববিদ্যালয় (রবি) এবং রাজধানীর জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)। শিক্ষা মন্ত্রণালয় থেকে ১৪ জানুয়ারি মৌখিকভাবে বিশ্ববিদ্যালয়গুলোকে এ সংক্রান্ত সিদ্ধান্ত জানালে শিক্ষকশূন্য সদ্য প্রতিষ্ঠিত রবির যাত্রা শুরু হওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

জবির তিনটি নতুন বিভাগে ছাত্র ভর্তির কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন হলেও এখানে কোনো শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। এতে বিশ্ববিদ্যালয় দুটিতে সৃষ্টি হয়েছে নতুন সঙ্কট।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে বিগত বছরে অতিরিক্ত নিয়োগ হয়েছে কি না তা খতিয়ে দেখার জন্য শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে। এ ব্যাপারে রংপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. লুৎফর রহমান যায়যায়দিনকে বলেন, নিয়োগ স্থগিত করায় সময়মতো রংপুর বিশ্ববিদ্যালয়ের চলতি শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু করার বিষয়টি ঝুলে গেছে। অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে এ প্রভাব না পড়লেও সদ্য প্রতিষ্ঠিত এ শিক্ষা প্রতিষ্ঠানটি চালানো সম্ভব নয়। কারণ এখানে শিক্ষক সংখ্যা শূন্যের কোটায়। সঙ্কট নিরসনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এবং শিক্ষা মন্ত্রণালয়ে বিষয়টি পৃ ১৫ » ক

## বিপাকে নতুন বিশ্ববিদ্যালয় রংপুর

(শেষ পৃষ্ঠার পর)

অবহিত করা হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয়টিতে তিনটি ইউনিটের মাধ্যমে বাংলা, ইংরেজি, অর্থনীতি, গণিত, কম্পিউটার ও ব্যবসায় প্রশাসন- এ ছয়টি বিষয়ে ৩০০ শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। ২৮ জানুয়ারি থেকে ক্লাস চালু হওয়ার কথা ছিল।

রংপুর প্রতিনিধি আবেদুর হাফিজ জানান, গত বছর তত্ত্বাবধায়ক সরকার রংপুর বিশ্ববিদ্যালয় স্থাপন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রফেসর ড. লুৎফর রহমানকে গত বছরের ২০ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেয়া হয়। এরপরই রংপুর টিচার্স ট্রেনিং কলেজে অস্থায়ী ক্যাম্পাস হিসেবে বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম শুরু করা হয়েছে। ২৯ নভেম্বর ৩০০ আসনের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের জন্য রংপুর কারমাইকেল কলেজের ৭৫ একর জমি হুকুমদখল করে হস্তান্তর করা হয়। বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি ইতিমধ্যে নিয়োগ প্রক্রিয়া স্থগিতের সিদ্ধান্ত প্রত্যাহার করে বিশ্ববিদ্যালয় কার্যক্রম শুরু নিশ্চিত করার দাবি জানিয়েছে।

এদিকে চলতি ২০০৮-০৯ শিক্ষাবর্ষ থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আইন, মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম ও নৃ-বিজ্ঞান এ ৩টি নতুন বিভাগ চালু করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নতুন বিভাগগুলোতে মোট ৭৫ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়েছে। বিভাগগুলোতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শেষে এ সপ্তাহে সিন্ডিকেটের মাধ্যমে তা পাস হওয়ার কথা ছিল। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তে শিক্ষকবিহীন এ বিভাগগুলোর শিক্ষার্থীরা অনিশ্চয়তায় পড়েছে।

ক্লাস শুরুর আগেই সমস্যা সমাধান হবে- এমন আশা প্রকাশ করে এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবু হোসেন সিদ্দিক বলেন, আমরা বিভাগগুলোতে ভর্তি প্রক্রিয়া শেষ করেছি। সরকারের সাময়িক স্থগিতাদেশ প্রত্যাহার করে ফেললে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।